ফরম নং-২

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

ডাক বাক্স ৪,ময়মনসিংহ

নং-বিনা-১(২ নিঃ/পঃ)/১২৫/৯৯ তারিখঃ-------------------------

**অফিস স্মারকলিপি**

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে জনাব/বেগম -----------------------------------কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ----------------------------------- পদে নিয়োগ।

-----------------------------------------এর নিকট হইতে প্রাপ্ত -----------------ইং তারিখের দরখাস্ত মূলে লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ ও পদোন্নতি কমিটি /বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের নিয়োগ ও পদোন্নতি কমিটি নং-১/কমিটি নং-২ এর---------------ইং তারিখের সুপারিশ/বিনা'র বোর্ড অব ম্যানেজমেন্ট এর-----------------ইং তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদনক্রমে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, তাহাকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে-------------------------------------টাকার বেতন স্কেলে মাসিক ------------------- টাকা মূল বেতনে এবং নিয়মানুযায়ী প্রাপ্য অন্যান্য প্রচলিত ভাতাদিসহ অত্র ইনস্টিটিউটে ----------------------------- পদে নিয়োগের জন্য নির্বাচন করা হইয়াছে। উক্ত নিয়োগ নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে হইবে ঃ

(১) তাহার নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে হইবে এবং ইনস্টিটিউট কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ৩ (তিন) মাসের নোটিশ দিয়া অথবা ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ নগদ অর্থ পরিশোধ করিয়া যে কোন কর্মচারীর চাকুরী অবসান করিতে পারিবে।

(২) কোন কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখ পূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি ইনস্টিটিউটকে তাহার ৩ (তিন) মাসের বেতনের সমপরিমান টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) উক্ত পদে নিয়োগের তারিখ হইতে তাহাকে প্রথম পর্যায়ে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিসীতে থাকিতে হইবে এবং প্রয়োজনে আরো ৬ (ছয়) মাস বর্ধিত করা যাইবে। কোন শিক্ষানবিস তাহার অভিপ্রায় উল্লেখ পূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি ইনস্টিটিউটকে তাহার এক মাসের বেতনের সমপরিমান টাকা ক্ষতিপুরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৪) নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া কোন শিক্ষানবিসীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং এইরূপ চাকুরী অবসানের কারণে শিক্ষানবিসী কোন প্রকার ক্ষতিপুরণ পাইবেন না।

(৫) যে কর্মচারীর বিরুদ্ধে শৃংখলা জনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে তিনি ইনস্টিটিউটের চাকুরীতে ইস্তফাদান করিতে পারিবেন না।

(৫) পদটি সম্পূর্ণ অস্থায়ী হইলেও অনির্দিষ্ট কালের জন্য চলিতে পারে। এই অস্থায়ী নিয়োগের ফলে অত্র প্রতিষ্ঠানের চাকুরীতে স্থায়ীভাবে বহাল থাকার জন্য তিনি কোন অধিকার লাভ করিতে পারিবেন না। কিন্তু তাহার এই অস্থায়ীভাবে নিয়োগকালীন সময়ে অত্র প্রতিষ্ঠানে তাহার সম-পর্যায়ের অন্যান্য কর্মচারীদিগকে যে সমস্ত সুযোগ সুবিধা প্রদান করা হয়, তিনিও ঐ সমস্ত সুযোগ সুবিধা লাভের অধিকারী হইবেন।

(৭) যে পদে নিয়োগের জন্য তিনি নির্বাচিত হইয়াছেন, যেহেতু উক্ত পদটি অবসর ভাতাবিহীন, কাজেই যে তারিখ হইতে তাহার নিয়োগ নিয়ামণ করা হইবে, সেই তারিখ হইতে তিনি শুধু অত্র প্রতিষ্ঠানের প্রচলিত প্রদেয় ভবিষ্য তহবিলের (সি,পি,এফ) এবং অত্র প্রতিষ্ঠানের চাকুরীর মেয়াদ ৩ (তিন) বৎসর উত্তীর্ণ হওয়ার পর গ্র্যাচুয়িটির সুযোগ সুবিধা লাভের অধিকারী হইবেন।

(৮) অত্র প্রতিষ্ঠানের স্বার্থে তাহাকে বাংলাদেশের যে কোন স্থানে কাজ করিতে বাধ্য থাকিতে হইবে।

(৯) অত্র প্রতিষ্ঠানের লিখিত অনুমতি ব্যতীত তিনি কোন দেশী অথবা বিদেশী ব্যক্তি/সংস্থা/বৈজ্ঞানিক প্রতিষ্ঠান ইত্যাদির সহিত ফেলোশীপ, উচ্চ শিক্ষার্থে আর্থিক সাহায্য, স্কলারশীপ, যে কোন প্রকারের প্রশিক্ষণ অথবা চাকুরীর জন্য সরাসরি যোগাযোগ করিতে পারিবেন না।

(১০) তিনি অত্র প্রতিষ্ঠানে চাকুরীতে থাকাকালীন সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতির অনুমতি ব্যতিরেকে কোন বিদেশী নাগরিককে বিবাহ করিতে পারিবেন না এবং উক্ত অনুমতির জন্য তাহাকে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(১১) উক্ত নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিষয়ে তিনি সরকার/প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত আদেশাবলী ও প্রচলিত নিয়মকানুন দ্বারা পরিচালিত হইবেন এবং ইহাতে সরকার/প্রতিষ্ঠান কর্তৃক সময় সময়ে কোন পরিবর্তন সাধিত হওয়ার ফলে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

(১২) নিয়োগ সংক্রান্ত ব্যাপারে আবেদন পত্রে কোন তথ্য গোপন বা মিথ্যা তথ্য পরিবেশন করিয়া থাকিলে তাহা চাকুরীতে যোগদানের পরে প্রমাণিত হইলে তাহার নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে ও আর্থিক দেনা পাওনার ব্যাপারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(১৩) তাহার কার্য্যকলাপ ও আচরণে ইনস্টিটিউটের স্বার্থক্ষুণ্ন হইলে বা স্বার্থ সংশ্লিষ্ট কোন তথ্য বাহিরে পাচার করিলে, তাহাকে আইনানুগভাবে চাকুরী হইতে বহিস্কার করা হইবে।

(১৪) পত্র নং-কৃষি-৭/৭-৩/২০০৪/৫৪৯ তারিখঃ ০৭-৬-২০০৪ ইং মোতাবেক প্রতিষ্ঠানে চাকুরী গ্রহণকালে প্রত্যেক গ্রহীতাকে প্রযোজ্য ক্ষেত্রে নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যদের জন্য যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না মর্মে ঘোষণা দিতে হইবে।

(১৫) এই নিয়োগে যোগদানের পূর্বে তাহাকে অবশ্যই নিম্নলিখিত সনদ পত্র সমূহের মূল কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবেঃ

১। (ক) জাতীয়তা/নিবেশাধিকার সার্টিফিকেট,
(খ) এমন দুইজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হইতে তাঁহার চারিত্রিক প্রত্যায়ন পত্র নিবেন যাহারা তাঁহার আত্নীয় নহেন,
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র সমূহের (এস,এস,সি,সহ) মূল ও সত্যায়িত কপি।

২। উক্ত শর্তাবলী সাপেক্ষে তাহাকে এতদসংগে গ্রথিত অংগিকার পত্রে (নির্ধারিত ফরম) স্বাক্ষরদান করতঃ প্রশাসন শাখায় দাখিল করিতে হইবে।

৩। তাহাকে এতদসংগে গ্রথিত পুলিশী প্রতিপাদনের প্রতিবেদন ফরম পূরণ করতঃ (১ম খন্ড) পরবর্তী ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসন শাখায় জমা দিতে হইবে (২কপি)।

৪। যদি জনাব---------------------------------------- উপরোক্ত শর্তাবলীর ভিত্তিতে এই চাকুরীর প্রস্তাব গ্রহণ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে তিনি যেন ময়মনসিংহ জেলার সিভিল সার্জনের সমীপে তাহার স্বাস্থ্য পরীক্ষার জন্য অনতিবিলম্বে হাজির হন (এই মর্মে সংশ্লিষ্ট সিভিল সার্জনকে লিখিত চিঠির কপি সংযুক্ত হইল) এবং তাহার শারীরিক সুস্থতা প্রমানিত হইলে তিনি যেন ময়মনসিংহস্থ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক মহোদয়ের নিকট উপরোক্ত সনদপত্রসহ তাহার যোগদান পত্র দাখিল করেন। তাহার স্বাস্থ্য পরীক্ষার ব্যাপারে ব্যয়কৃত খরচ তিনি নিজেই বহন করিবেন যাহা পুনর্ভরণযোগ্য নহে।

৫। তাহাকে আগামী -------------------ইং তারিখে যোগদান করিতে হইবে। তবে সর্বশেষ ------------------- ইং তারিখের মধ্যে অবশ্যই যোগদান করিতে হইবে। যোগদানে ব্যর্থ হইলে অত্র নিয়োগ পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

সহকারী পরিচালক, সিনিয়র স্কেল

(ক) বর্তমান ঠিকানাঃ

----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------

(খ) স্থায়ী ঠিকানাঃ

----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------
----------------------------------------------------------------------

অনুলিপি (জ্ঞাতার্থে/যথাযথ ব্যবস্থা গ্রহনার্থে) ঃ

১। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/শাখা প্রধান/ভারপ্রাপ্ত প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বি,আই,এন,এ, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক (অর্থ), বি,আই,এন,এ, ময়মনসিংহ।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বি,আই,এন,এ, ময়মনসিংহ।
৪। পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) এর ব্যক্তিগত সহকারী, বি,আই,এন,এ, ময়মনসিংহ।
৫। পরিচালক (গবেষণা) এর ব্যক্তিগত সহকারী, বি,আই,এন,এ, ময়মনসিংহ।
৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।
৭। সংশ্লিষ্ট নথি।
৮। মাষ্টার ফাইল।

সহকারী পরিচালক, সিনিয়র স্কেল